


বিষয়: “বিশ্ব পানি দিবস-২০১৮” উদযাপন উপলক্ষ্যে ০৬/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. জাফর আহমেদ খান, সিনিয়র সচিব
তারিখ : ০৬.০৩.২০১৮ খ্রিস্টাব্দ।
সময় : বেলা ০৩.০০ ঘটিকা
স্থান : পানি সম্পদ মন্ত্রণালয়ের সভা কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে রক্ষিত আছে)।

বিশ্ব পানি দিবস-২০১৮ উপলক্ষ্যে এক আন্তঃমন্ত্রণালয় সভা পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনোয়ার হোসেন মঞ্জু এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোহাম্মদ নজরুল ইসলাম বীর-প্রতীক উপস্থিত ছিলেন। পানি সম্পদ কাজের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী এবারের বিশ্ব পানি দিবসে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন মর্মে উল্লেখ করে দিবসটি সুচারুরূপে সম্পন্ন করতে হবে মর্মে নির্দেশনা জ্ঞাপন করেন। মাননীয় মন্ত্রী বিশ্ব পানি দিবসের আয়োজিত অনুষ্ঠান দক্ষ **Event Management Agency**-এর মাধ্যমে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, আগামী ২২ মার্চ ২০১৮ তারিখ বাংলাদেশের এলডিসি থেকে উত্তরঙ্গ সংক্রান্ত দেশব্যাপী অনুষ্ঠান থাকায় এ বছর বিশ্ব পানি দিবস ২০ মার্চ ২০১৮ তারিখে উদযাপন করা হবে। তিনি বলেন, বাংলাদেশ একটি নদী-মার্ভুক দেশ। এ বিষয়টি গুরুত্ব দিয়ে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের ব্যবস্থা নেয়া হবে। সভাপতি আগামী ২০ মার্চ ২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রী দিবসটির শুভ উদ্বোধন করবেন মর্মে সভাকে অবহিত করেন। সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে আগত কর্মকর্তাবৃন্দ বিশ্ব পানি দিবসে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচিতে নিজ নিজ সংস্থার অংশগ্রহণের বিষয়টি তুলে ধরেন। র্যালিতে ওয়াসার ১০০ জন, পরিবেশ অধিদপ্তরের ৫০ জন, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ২০-২৫ জন, শিল্প মন্ত্রণালয়ের ১০০ জন (বিভিন্ন এনজিওসহ), কৃষি উন্নয়ন কর্পোরেশনের ২০ জন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ৫০ জন প্রতিনিধির সমন্বয়ে অংশগ্রহণ করবেন মর্মে সভায় উপস্থিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থার প্রতিনিধিগণ জানান। তাঁরা নিজ নিজ ব্যানারে বিশ্ব পানি দিবসের র্যালিতে অংশগ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


- ০১। আগামী ২০ মার্চ ২০১৮ তারিখ দেশব্যাপী বিশ্ব পানি দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে;
- ০২। ২০ মার্চ ২০১৮ তারিখ সকাল ১০:০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাননীয় প্রধানমন্ত্রী বিশ্ব পানি দিবস কর্মসূচির শুভ উদ্বোধন করবেন;
- ০৩। ২০ মার্চ সকাল ০৮.০০ টায় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে র্যালির যাত্রা শুরু হবে। র্যালিটি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের ১ (এক) নং গেটে গিয়ে যাত্রা শেষ হবে;
- ০৪। পানি সম্পদের সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/সংস্থা নিজ নিজ ব্যানারে বিশ্ব পানি দিবসের র্যালিতে অংশগ্রহণ করতে পারবে।
- ০৫। র্যালিতে ওয়াসার ১০০ জন, পরিবেশ অধিদপ্তরের ৫০ জন, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ২০-২৫ জন, শিল্প মন্ত্রণালয়ের ১০০ জন (বিভিন্ন এনজিওসহ), কৃষি উন্নয়ন কর্পোরেশনের ২০ জন ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ৫০ জন অংশগ্রহণ করবেন। র্যালি এবং কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নামের তালিকা স্ব-স্ব মন্ত্রণালয় ও সংস্থা আগামী ১১/০৩/২০১৮ তারিখের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;



(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- ০৬। বিশ্ব পানি দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান, নিমন্ত্রণপত্র ও স্লোগান দক্ষ ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীর মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- ০৭। কেন্দ্রীয় অনুষ্ঠানে প্রদর্শনের জন্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সব সংস্থার কার্যাবলী অন্তর্ভুক্ত করে ৩/৪ মিনিটের ভিডিও তৈরি করতে হবে;
- ০৮। ২০ মার্চ দেশব্যাপী 'বিশ্ব পানি দিবস ২০১৮' উদযাপনের বিষয়টি যথাশ্রীষ্ট বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের পত্র, ই-মেইল ও ফ্যাক্সযোগে অবহিত করতে হবে;
- ০৯। কেন্দ্রীয় অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সিইজিআইএস তৈরিপূর্বক ০৮.০৩.২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- ১০। ক্রোড়পত্র ২০/০৩/২০১৮ তারিখের পত্রিকায় প্রকাশ করা হবে;
- ১১। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মূল অনুষ্ঠানের স্কিপ্ট সিইজিআইএস প্রস্তুত করবে;
- ১২। মূল অনুষ্ঠানের অভ্যর্থনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের নিরাপত্তা পাস সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে; এবং
- ১৩। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়:
- | | |
|-------------------------------|------------|
| অতিরিক্ত সচিব (প্রশাসন), পাসম | আহবায়ক |
| মহাপরিচালক, বাপাউবো | সদস্য |
| নির্বাহী পরিচালক, সিইজিআইএস | সদস্য |
| নির্বাহী পরিচালক, আইডব্লিউএম | সদস্য |
| যুগ্মসচিব (প্রশাসন), পাসম | সদস্য-সচিব |

০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।